

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-৩ শাখা  
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৯২.১৫.০১৯.২০- ৭৭৩

তারিখ ২৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
১০ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

আজমিরীগঞ্জ এ.বি.সি. পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ গত ২৮.০৫.২০১৮ তারিখে সরকারিকরণের প্রেক্ষিতে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ০৩ (তিন) জন কর্মচারীকে 'জাতীয়করণকৃত উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) আত্মীকরণ বিধিমালা-১৯৮৩' (অধিকতর সংশোধনী-১৯৯৪ ও ১৯৯৫) অনুযায়ী প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখ হতে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক আজমিরীগঞ্জ এ.বি.সি. সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়-এ নিয়োক্ত শর্তে পদায়ন করা হলোঃ

ক্র: নং	নাম ও জন্ম তারিখ	পদবি	বেতনফেল ও গ্রেড (জাতীয় বেতনফেল, ২০১৫)
১	রতিকান্ত সূত্রধর ৩১/১২/১৯৭১	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৯,৩০০-২২,৪৯০/- গ্রেড-১৬
২	মোছাঃ মাসুকুল বেগম ০১/১০/১৯৭৮	অফিস সহায়ক	৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০
৩	মোঃ মজিবুর রহমান ০১/০১/১৯৭৩	নিরাপত্তা প্রহরী	৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০

**শর্তসমূহ:**

- সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে;
  - প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;
  - প্রচলিত বিধি মোতাবেক তাদের জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকরিকাল গণনা করা হবে;
  - যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অস্বীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
  - আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট কর্মচারীগণের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে এবং সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন;
  - এ শিক্ষা প্রতিষ্ঠানের আত্মীকৃত কোন কর্মচারী অন্য কোন প্রতিষ্ঠানে বদলি হতে পারবে না;
  - প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ প্রযোজ্য হবে;
  - সরকার কর্তৃক প্রণীতব্য/প্রণীত বিধি ও বিধান দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
  - যে কোন প্রকার করণিক ভুল উপযুক্ত প্রমাণ সাপেক্ষে সংশোধনযোগ্য।
- ০২। বর্ণিত কর্মচারীর স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক-চরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এর ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে পরবর্তীতে তাদের চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে।
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৭/০৪/২৩  
(মোছাঃ শাম্মী আক্তার)

উপসচিব

ফোনঃ ৫৫১০০৩৩৭

ই-মেইল: [govt.sec3@moedu.gov.bd](mailto:govt.sec3@moedu.gov.bd)

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ০৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৭। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ০৮। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ০৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। পুলিশ সুপার, হবিগঞ্জ (প্রয়োজনীয় পুলিশ তদন্ত সাপেক্ষে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ১৬। সিভিল সার্জন, হবিগঞ্জ (প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৭। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ১৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানপল্টন, ঢাকা।
- ১৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২০। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
- ২১। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, হবিগঞ্জ।
- ২২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।
- ২৩। আজমিরীগঞ্জ এ.বি.সি. সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।
- ২৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২৫। জনাব .....

